মেহেরপুরে ঈদ-ই-মিলাদুন্নবী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

মেহেরপুরে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সঃ) উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

আজ সোমবার (১৬ই সেপ্টেম্ব সকাল সাড়ে ১১ টার সময় পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সঃ) উপলক্ষে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সঃ) উপলক্ষে জেলা প্রশাসক সিফাত মেহনাজের সভাপতিত্বে এ সময় বক্তব্য রাখেন স্থানীয় সরকারের উপ-পরিচালক শামীম হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক রনি আলম নুর, সদর উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)গাজী মূয়ীদুর রহমান, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মূনীম, জেলা নাজির মোঃ আফতাব উদ্দিন, ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড অফিসার আমানুল্লাহ আমান।

আলোচনা সভা ও দোয়া মাহফিলে কোরআন তেলাওয়াত করেন জেলা মডেল মসজিদের ইমাম সাদিকুর রহমান।

পরে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সঃ) উপলক্ষে ও দোয়া মাহফিল মোনাজাত করেন কোট মসজিদে ইমাম জুবায়ের হাসান।

দর্শনায় জামায়াতের উদ্যোগে উলামা সমাবেশ অনুষ্ঠিত

বাংলাদেশ জামায়াতে ইসলামী চুয়াডাঙ্গার দর্শনা থানা ও দামুড়হুদা উপজেলার শাখার উলামা বিভাগের উদ্যোগে উলামা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (১৪ সেপ্টেম্বর) সকাল ১০ টায় দর্শনা অডিটরিয়ামে অনুষ্টিত সভায় দর্শনা থানা উলামা বিভাগের সভাপতি মাওলানা আব্দুস সাত্তারের সভাপতিত্বে ও দামুড়হুদা উপজেলা উলামা বিভাগের সভাপতি হাফেজ মাওলানা আব্দুল খালেকের পরিচালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জামায়াতের কেন্দ্রীয় মজলিসে শুরা সদস্য চুয়াডাঙ্গা জেলা আমীর ও বিশিষ্ট আয়কর আইনজীবি মোঃ রুহুল আমিন।

প্রধান অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা জেলা আমীর মোঃ রুহুল আমিন বলেন, আজকে আমাদের আলেম সমাজ কওমী ও আলিয়া দু’ভাগে ভাগ হয়ে গেছে। একপক্ষ নিয়েছে রাসুলের সুরত আর আরেক পক্ষ নিয়েছে সীরাত। ফলে আমরা অসম্পূর্ন হয়ে গেলাম। অথচ আমাদের রাসুলের সুরতও দরকার সীরাতও দরকার। আমাদের শিক্ষা ব্যবস্থা থেকে ইসলাম বিদায় করা হয়েছে। ফলে আমাদের সন্তানেরা ইসলাম সর্ম্পকে অজ্ঞ থেকে যাচ্ছে। তিনি আলেম সমাজকে সচেতন হবার আহবান জানিয়ে বলেন- নিজের ঘুমিয়ে থাকা চেতনাকে জাগ্রত করে সকলে মিলে এক আল্লাহর পথে চলতে হবে। আমরা আমাদের খুতবার মাধ্যমে ঘুম পাড়ানো ইসলাম আর শেখাবো না বরং সমাজকে জাগ্রত করার ইসলাম শেখাবো। আমরা সকলে একসাথে এগিয়ে গেলে হারিয়ে যাওয়া ইসলাম পুনরুদ্ধার হবে ইনশাআল্লাহ।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা জামায়াতের নায়েবে আমীর ও সাবেক উপজেলা চেয়ারম্যান মাওলানা আজিজুর রহমান, জেলা সহকারী সেক্রেটারী ও সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান আব্দুল কাদের, জেলা ওলামা বিভাগের সভাপতি মাওলানা লোকমান হোসেন, সেক্রেটারী মাওলানা হাফিজুর রহমান, মোজলিসুল মোফাচ্ছেরিনের জেলা সভাপতি মাওলানা আবু জার গিফারী, জামায়াতের দামুড়হুদা থানা আমীর মোঃ নায়েব আলী, সেক্রেটারী মাওলানা আব্দুল গফুর ও মাওলানা মাজাহারুল ইসলাম প্রমুখ।

ঝিনাইদহে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মতবিনিময় সভা

অনুষ্ঠিত

গণ অভ্যুত্থানের প্রেরণায় শহীদ পরিবারের সাথে সাক্ষাৎ এবং দুর্নীতি, চাঁদাবজি ও সন্ত্রাসের বিরুদ্ধে ছাত্র-নাগরিক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। ঝিনাইদহ জেলা বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন এ মতবিনিময় সভার আয়োজন করে।

আজ বৃহস্পতিবার বিকালে শহরের ওয়াজির আলী স্কুল এন্ড কলেজ মাঠে এ সভা অনুষ্টিত হয়।

এ মতবিনিময় সভায় কেন্দ্রীয় সমন্বয়কদের মধ্যে উপস্থিত ছিলেন ঢাবি’র ওয়াহিদুজ্জামান, আকরাম হুসাইন রাজ. আশরেফা খাতুন, জবি’র আবু বকর খান , ঢাবি’র সরদার নাদিম মাহমুদ শুভ, বদরুনেচ্ছা কলেজের জান্নাত এছাড়াও খুবি’র বিশ্বজিৎ দত্ত, ঢাকা কলেজের মউনুল ইসলাম ছাড়াও তৌহিদুল ইসলাম শুভ, বাবু খান, রাব্বি, অফ্রিদি প্রমূখ।

এসময় সমন্বয়ক আশরেফা খাতুন ছাত্র জনতার বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। এছাড়া ঝিনাইদহ জেলা বৈষম্যবিরাধী ছাত্র আন্দেলনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেণ।

গাংনীর কাথুলীতে ইউনিয়ন বিএনপির কর্মী সভা অনুষ্ঠিত

গাংনীর কাথুলীতে ইউনিয়ন বিএনপি কর্মীদের নিয়ে কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার বিকেল ৪ টার সময় কাথুলী ইউনিয়নের ধলা মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টনের নির্দেশনায় কাথুলী ইউনিয়ন যুবদলের সভাপতি ও কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক আখতারুজ্জামান লাভলুর সঞ্চালনায় সভাপতিত্ব করেন কাথুলী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও বিএনপি নেতা ফেরদৌস ওয়াহেদ বেল্টু।

এ সময় উপস্থিত ছিলেন কাথুলী ইউনিয়ন বিএনপির সাবেক সাংগঠনিক

সম্পাদক মোশাহেদ আলী, কাথুলী ইউনিয়ন যুবদলের সাবেক সাধারন সম্পাদক রহিদুল ইসলাম মাষ্টার,কাথুলী ইউনিয়ন বিএন পির সাবেক সাধারণ সম্পাদক জাফর ইকবাল, কাথুলী ইউনিয়ন যুবদলের সাধারন সম্পাদক রবিউল ইসলাম, কাথুলী ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক সালাউদ্দিন খাঁ, ২ নং ওয়ার্ড বিএনপির সভাপতি আঃ লতিব, বিএনপি নেতা সাহেব আলী সেন্টু, খোরশেদ আলম খুশি, আলমগীর হোসেন, হুদা মিয়া, আঃমালেক,বাচ্চু মিয়া, ইউপি সদস্য আজমাইন হোসেন টুটুল, কাবুল হোসেন প্রমুখ।

এ সময় সভাপতির বক্তব্যে ফেরদৌস ওয়াহেদ বেল্টু জানান দীর্ঘদিন আমাদের বিএন পি নেতাকর্মীরা সদ্য বিদায়ী সরকারের হাতে নির্যাতিত নিপিড়ীত হয়েছে। আমাদের এখন সুযোগ হয়েছে কথা বলার, আমাদের সুযোগ হয়েছে এ দেশে নাগরিকের ভোটাধিকার ফিরিয়ে দেওয়ার, তাই আজকে আমরা ইউনিয়ন বিএন পির, যুবদলের নেতাকর্মীদের একত্রিত করেছি। বর্তমান পরিস্থিতিতে জনগনের পাশে বন্ধু হয়ে থাকার নির্দেশ দিয়ে কাজ করার আহব্বান জানিয়েছেন মেহেরপুরের জেলা বি এন পির সিনিয়র সহ সভাপতি জাভেদ মাসুদ মিল্টন তার ই ফলশ্রুতিতে একত্রিত হয়েছি। আমরা আওয়ামী সরকারের মত জনগনের কাছে থেকে আস্থা হারাতে চাই না। তাই আমরা আগামী নির্বাচনে জনগনের বন্ধু হয়ে পাশে থাকবো, তাদের একটি অবাধ সুষ্ঠু নির্বাচনের মধ্যে দিয়ে যেন সকলে ভোট দিতে পারে সে ব্যাবস্থার জন্য কাজ করবো।

তাই আমাদের এই মুহুর্তে সকলের ঐক্যবদ্ধ হওয়ার সময়, আমরা অবশ্যই কাথুলী ইউনিয়ন বিএন পির নেতা কর্মীরা একত্রিত হয়ে জনবান্ধন নেতা জাভেদ মাসুদ মিল্টনের হাতকে শক্তিশালী করবো এবং দেশ নায়েক তারেক রহমানের হাতকে শক্তিশালী করবো ইনশাআল্লাহ।

মেহেরপুর সরকারি মহিলা কলেজে বিতর্ক কর্মশালা অনুষ্ঠিত

মেহেরপুর সরকারি মহিলা কলেজের আয়োজনে দিনব্যাপী বিতর্ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার (৮ সেপ্টেম্বর) জাতীয় সঙ্গীত

পরিবেশনের মধ্য দিয়ে ও দুই শতাধিক শিক্ষার্থীর উপস্থিতিতে কলেজের মিলনায়তনে অনুষ্ঠিত হয় দিনব্যাপী এ বিতর্ক কর্মশালা।

এসময় বিতর্ক কর্মশালা উদ্বোধন করেন কলেজের (ভারপ্রাপ্ত) অধ্যক্ষ ও মেহেরপুর বন্ধুসভার সভাপতি অধ্যাপক আবদুল্লাহ আল আমিন।

কলেজের বাংলা বিভাগের প্রভাষক রূপালী বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় বক্তব্য রাখেন শিক্ষক পরিষদের সম্পাদক আবদুল হামিদ, সহযোগী অধ্যাপক মিরাজ উদ্দিন, ইকরামুল হাসান, নাসির উদ্দীন প্রমুখ।

দামুড়হুদা পুরাতন বাস্তপুর ঐতিহ্যবাহী গাদি খেলা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার পুরাতন বাস্তপুর গ্রামে হারিয়ে যাওয়া ঐতিহ্যবাহী গাদি খেলা অনুষ্ঠিত হয়েছে। খেলায় ৮ টি দল অংগ্রহন করেন। আজ শনিবার পুরাতন বাস্তবপুর গাদি একাদশ ক্লাবের আয়োজনে এই খেলা অনুষ্ঠিত হয়।

খেলার প্রথম দিনের চারটি দল অংশগ্রহণ করেন কুষ্টিয়া কুমারখালী একাদশ, কুষ্টিয়া দৌলতপুর একাদশ, মেহেরপুর গাংনী একাদশ, পুরাতন বাস্তপুর একাদশ।

কুষ্টিয়া কুমারখালী একাদশ বনাম পুরাতন বাস্তপুর একাদশ ও কুষ্টিয়া দৌলতপুর একাদশ বনাম মেহেরপুর গাংনী একাদশ খেলা অনুষ্ঠিত হয়। উভয় দলকে হারিয়ে খেলার প্রথম রাউন্ডে কুষ্টিয়া দৌলতপুর একাদশ ও পুরাতন বাস্তবপুর একাদশ চ্যাম্পিয়ন হয়।

পুরাতন খেলা নতুন করে জাগ্রত হওয়ায় এলাকার আবালবৃদ্ধ সকলে খেলা দেখার জন্য ভিড় জমায়।গাদি খেলাটি পরিচালনা করেন আক্তারুজ্জামান লাভলু ও আবুল বাসার।

আলমডাঙ্গা ইসলামী আন্দোলন উপজেলা শাখার গণ-সমাবেশ অনুষ্ঠিত

ইসলামী আন্দোলন বাংলাদেশ, আলমডাঙ্গা উপজেলা শাখার গণ-সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বিকেল ৩ টার দিকে আলমডাঙ্গা পুরাতন বাসস্ট্যান্ড (স্বাধীনতা স্তম্ভ ৭১) মোড়ে ইসলামী আন্দোলন বাংলাদেশ আলমডাঙ্গা উপজেলা শাখার সভাপতি মাওঃ আকরাম হোসাইন সাইরাফী এর সভাপতিত্বে বিশাল গণ-সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামী আন্দোলন বাংলাদেশ, চুয়াডাঙ্গা জেলা শাখার সিনিয়র সহ-সভাপতি মাওঃ জহুরুল ইসলাম আজিজী।

গণসমাবেশে প্রধান অতিথি তার বক্তবে বলেন, পীর সাহেব চরমোনাই ৯ দফা ঘোষণা বাস্তবায়নে তারা জনমত গড়ে তুলবেন। তাদের এজেন্ডার ভিতরে রয়েছে বিগত সরকারের সকল মন্ত্রী-এমপি এবং নেতাকর্মীদের সম্পদের হিসাব নিতে হবে। সকল সম্পদ রাষ্ট্রীয় কোষাগারে জমা দিতে হবে। দুর্নীতিগ্রস্থ যে সকল নেতাকর্মীরা রয়েছে তাদের নির্বাচন করার বৈধতা বাতিল করতে হবে। আগামী নির্বাচনে সংখানুপাতিক (পি.আর) পদ্ধততে নির্বাচন দিতে হবে। কেননা পি.আর পদ্ধতি ছাড়া জনগণের রায়ের সঠিক মূল্যায়ন করা সম্ভব হয় না।তিনি আরও বলেন- দেশ দ্বিতীয়বারের মতো স্বৈরাচার মুক্ত হলেও এখনো কিছু মানুষ স্বৈরাচারী ভূমিকায় অবতীর্ণ হয়েছে। স্বৈরাচার শাসকের সময় যেরকমভাবে বিভিন্ন হাটবাজার, খাল-বিল, স্টিমারঘাট, লঞ্চঘাট লুটপাট করে খেত, এখন একদল স্বার্থান্বেষী সেই ভূমিকায় অবতীর্ণ হয়েছে। প্রধান বক্তা অধ্যাপক মাহবুবুর রহমান বলেন ভারত এক স্বৈরাচারকে এদেশের মসনদে বসিয়ে দেশের জনগণের উপর যেরকমভাবে অত্যাচারের স্টিম রোলার চালিয়েছিল জনগণ দেরিতে হলেও সেটা প্রতিহত করেছে। এক্ষেত্রে ভারত চরমভাবে হতাশ হয়েছে। হতাশা থেকে প্রতিশোধ স্বরুপ ভারত আমাদের উপর পানি আগ্রাসন চালিয়েছে। কিন্তু দেশের সর্বস্তরের জনতা যেভাবে বন্যার্তদের পাশে দাঁড়িয়েছেন।

বাংলাদেশ সেনাবাহিনীর কর্মরত প্রত্যেক সদস্য, বাংলাদেশ পুলিশ সদস্য তাদের একদিনের আয় এবং অনেকে বন্যার্তদের সহযোগিতায় গাড়ি ভাড়া ফ্রি, বিভিন্ন প্রতিষ্ঠান তাদের স্টাফদের এক দিনের আয় দান করেছেন। তেমনিভাবে দেশের মানবিক সংগঠনগুলো নিজেদের সর্বোচ্চ দিয়ে মানবতার পাশে দাঁড়িয়েছেন। জনতা স্বতঃস্ফূর্তভাবে এ মানবতার সাহায্যের কাজে ঝাঁপিয়ে পড়েছেন এবং ভারতের পানি আগ্রাসনের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হয়েছেন। আমি এই জনতাকে সাধুবাদ জানাই। তবে লক্ষণীয় বিষয় হলো জনতার ঐক্যবদ্ধ হওয়াতে ভারতকে আরো হতাশায় নিমজ্জিত হতে দেখা যাচ্ছে।”

জেলা শ্রমিক আন্দোলনের সাধারণ সম্পাদক মাওঃ সাইফুল ইসলামের সঞ্চালনায় সমাবেশে বক্তৃতা করেন, ইসলামী আন্দোলন বাংলাদেশ, আলমডাঙ্গা উপজেলা শাখার সভাপতি মাওলানা আকরাম হোসাইন সাইরাফী, সিনিয়র সহ সভাপতি আমিনুল হক, সেক্রেটারী ডা. ওয়ালিদ হোসেন জোয়ার্দার, সাংগঠনিক সম্পাদক ফারুক হোসেন, সদস্য মীর শফিকুল ইসলাম, ইসলামী আন্দোলন বাংলাদেশ, খাসকররা ইউনিয়নের সভাপতি মাওঃ আব্বাস উদ্দিন, আইলহাস ইউনিয়নের সেক্রেটারী মাও. জাহিদ হাসান, শাখার উপদেষ্টা মাওঃ আব্দুস সুবহান, নাগদাহ ইউনিয়নের সেক্রেটারী আল মামুন রতন, জেহালা ইউনিয়নের সহ-সভাপতি মুফতি সাজ্জাদুর রহমান, পৌর সেক্রেটারী তানভীরুল হক জোসেফ। সমাবেশ শেষে দোয়া ও মোনাজাত পরিচালনা করেন ইসলামী আন্দোলন উপজেলা সদস্য মুফতি সিরাজুল ইসলাম।

সমাবেশে উপস্থিত বক্তারা বলেন, একাত্তরে দেশ স্বাধীন হওয়ার পরেও সঠিক নেতৃত্বের অভাবে দেশ যেরকমভাবে দুর্নীতি থেকে মুক্ত হতে পারে নাই। ঠিক বর্তমানেও ২৪-এ এসেও যদি আমরা নেতা নির্বাচনে ভুল করি তাহলে ৭১ পরবর্তী সময়ের যেরকমভাবে ভুলে মাসুল দিয়েছে আমরা এবারও আমাদের পরবর্তী প্রজন্ম সেই ভুলের মাশুল দিতে হবে। আমরা একই ভুল বারবার করব না। এবার দেশপ্রেমিক জনতাকে সাথে নিয়ে দেশকে নিজেরা গুছিয়ে নেব ইনশাআল্লাহ্।

অন্যান্য বক্তারা স্বৈরাচার শেখ হাসিনা সরকারের বিভিন্ন কর্মকান্ড সমালোচনা করেন। শেখ হাসিনা ভারতে বসে ষড়যন্ত্র করছেন। তার শাসনামলে দেশ থেকে হাজার হাজার কোটি টাকা পাচার হয়েছে। আর সেগুলো উদ্ধার করে টাকা পাচারকারী ও দুর্নীতির সাথে জড়িত ব্যক্তিদের আইনের আওতায় আনার দাবি জানানো হয়। তারা বলেন, অবিলম্বে তার দুর্নীতির শ্বেতপত্র প্রকাশ করতে হবে। ৫ আগস্টে যে সমস্ত পুলিশ সদস্য নিরীহ ছাত্র-জনতার ওপরে গুলি করেছিল তাদেরও

শ্বেতপত্র প্রকাশের দাবি জানান বক্তারা। এরপর সংক্ষিপ্ত দোয়ার মাধ্যমে গণ-সমাবেশের কর্মসূচি শেষ হয়।

কোটচাঁদপুরে মানববন্ধন ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত

হাজী আমলানেছা বিবি ওয়াকফ এস্টেটের মোতাওয়াল্লীর অপসারনের দাবিতে কোটচাঁদপুরে মানববন্ধন করেছেন, সলেমানপুরের ৬ নং ওয়ার্ডবাসী। আজ শুক্রবার (০৬ সেপ্টেম্বর) দুপুরে এ মানববন্ধন করেন তারা।

জানা যায়, কোটচাঁদপুরের সলেমানপুর ই.সি-২৮৬২ হাজী আমলানেছা বিবি ওয়াকফ এস্টেট। এ ওয়াকফ এস্টেটের আওতাধীন রয়েছে মসজিদ ও বেশ কিছু জমি। এ সব জমি থেকে যা আয় রোজগার হয়, তা তিনি নিয়ম বহির্ভূত ভাবে ব্যবহার করে আসছেন।

এর প্রতিবাদে আজ শুক্রবার দুপুরে কোটচাঁদপুর সলেমানপুর ওয়াকফ এস্টেটের মসজিদের সামনে মানববন্ধন করেছেন সলেমানপুরের ৬নং ওয়ার্ডবাসী। মানববন্ধন থেকে দূর্নীতিবাজ ও মসজিদের টাকা আত্মসাৎকারী মোতাওয়াল্লী ইমরান হোসেন (তাপসের) অপসারন চেয়েছেন তারা।

তুলে ধরেছেন তাঁর অনিয়মের ৫ দফা। যার মধ্যে রয়েছে, মসজিদের জমি, গাছ, নদ অর্থ আত্মসাৎ, ইমাম ও মোয়াজিনদের বেতন বাকি, মসজিদের কোন খোজ খবর না রেখে, ঢাকায় বসে মিথ্যা ভিডিও বানিয়ে মুসল্লীদের হুমকি-ধামকি প্রদান,এছাড়া তিনি যে বিভিন্ন অন্যায় ও অনিয়মের সঙ্গে জড়িত বলে অভিযোগ করেন তারা।

মানববন্ধনে বক্তব্য রাখেন, ইমাম ফরহাদ হোসেন, জাহাঙ্গীর হোসেন, সামাউল ইসলাম, আলতাফ হোসেন, মোয়াজ্জিন ফয়সাল হোসেন। তারা এ মানববন্ধন থেকে দুর্নীতিবাজ, মসজিদের টাকা আর্তসাৎকারি মোতায়াল্লী ইমরান হোসেন তাপসের অপসারন চেয়েছেন। সাথে সাথে

মোতাওয়াল্লীর বিরুদ্ধে সকল অভিযোগের তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহনের দাবি জানিয়েছেন সংশ্লিষ্টদের নিকট।

এ ব্যাপারে হাজী আমলানেছা বিবি ওয়াকফ এস্টেটের মোতাওয়াল্লী ইমরান হোসেন (তাপস) বলেন, ঈমাম আর মোয়াজিনের কিছু টাকা বাকি আছে। তবে অন্যসব অভিযোগের বিষয়ে তিনি কিছু না বলে এড়িয়ে যান। অভিযোগ তোলেন, মসজিদ ভাঙ্গা ও দান বাক্সের টাকা চুরির ঘটনা নিয়ে।

দামুড়হুদায় মাদক সম্রাট কতৃক আহত হওয়ায় সংবাদ সম্মেলন অনুষ্ঠিত

দামুড়হুদায় মাদক সম্রাট জাহিদুল গ্যাং কতৃক আহত হওয়ায় ভূক্তভোগীর পক্ষ থেকে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকাল ৫ টার সময় দামুড়হুদা প্রেসক্লাবে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে লিখত বক্তব্য পেশ করেন দামুড়হুদা উপজেলার সদর খাঁ পাড়া গ্রামের মতলেব আলী’র ছেলে আব্দুর রহিম।

সংবাদ সম্মেলনে আব্দুর রহিম বলেন, আমি যুব রেড ক্রিসেন্ট সৌসাইটির দামুড়হুদা উপজেলা যুব প্রধান হওয়ার কারণে বিভিন্ন সময়ে দূর্নিতী ও মাদকের বিরুদ্ধে সভা-সেমিনার করার কারণে ইয়াবা ও ফেন্সী সম্রাট জাহিদুল ইসলাম ইয়াবাসহ ধরা পড়ে। সেখানে মাদক সেবনের কারণে তাকে জেল ও জরিমানা করা হয়। তারা সন্দেহ করে যে, আমি আব্দুর রহিম তাদেরকে ধরিয়ে দিয়েছি। তারিই ফলশ্রুতিতে কয়েক বছর আগে আমাকে বিবাদীপক্ষ মোঃ জাহিদুল মেম্বার ও তার সাঙ্গপাঙ্গরা মিলে আমাকে বেদম মারধর করে রক্তাক্ত জখম করে। এরই সূত্র ধরে আমি বৈষম্য ছাত্র আন্দোলনে পত্যক্ষ ও পরোক্ষভাবে বৈষম্যবিরোধী ছাত্র আন্দলনের নেতৃত্ব দেয় ফেসবুকসহ বিভিন্ন প্রোগ্রামে অংশ গ্রহন করি। যাহার ফলোশ্রুতিতে স্বৈরাচারী

আওয়ামীলীগ সরকারের নেতাকর্মীরা ও যুবলীগ নেতা জাহিদুল ইসলাম ও যুবলীগের সাবেক থানা সভাপতি তালেবসহ তার সাঙ্গ পাঙ্গোরা ভালোভাবে সেটা মেনে নিতে পারিনি। বিভিন্ন সময় আমাকে প্রাণনাশের হুমকি ধামকি দিয়ে আসিতেছিল। এরই ধারাবাহিকতায় গতকাল সন্ধ্যা ৬ ঘটিকার সময় জাহিদুল মেম্বার ও তার ভাই তালেবের নেতৃত্বে আমাকে অস্ত্রের মুখে জিম্মি করে তুলিয়া নিয়ে যাবার সময় আমার পিতা মতলেব আলী, ছোট ভাই আব্দুল করিম, বড় ভাই আব্দুর রহমান বাধা দিলে আমাদের সকলকে, রামদা ও দেশি অস্ত্র নিয়ে আমাদেরকে এলোপাতাড়িভাবে কুপায়।

এক পর্যায়ে আমার বড়ভাইয়ের মৃত্যু নিশ্চিত জানিয়া সকলে পলিয়ে যাই। ঘটনার বিবরনী দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জকে মোবাইল ফোনের মাধ্যমে জানাই। তৎখনিক অফিসার ইনচার্জ পুলিশ সদস্যদের পাঠিয়ে আমাদেরকে রক্ষা করে ও হাসপাতালে ভর্তির ব্যবস্থা করিয়া দেই এবং বলে তোমরা নির্দিষ্ট আসামীগনের পরিচয় দিয়ে থানায় এজাহার দায়ের কর। সেই মর্মে আমার ছোট ভাই আব্দুল করিম বাদী হয়ে দামুড়হুদা মডেল থানায় লিখিত অভিযোগ জানাই। তবে আজ সকালে আসামীরা সকলে মিলে আমার বাড়িতে মটর সাইকেলে অগ্নি সংযোগ করে পুড়িয়ে দেই। নায্য বিচার পাইবার জন্য সংবাদ সম্মেলনের ইচ্ছা পোষণ করি।

মেহেরপুরে জেলা উলামা সম্মেলন ২০২৪ অনুষ্ঠিত

মেহেরপুরে উলামা বিভাগ ও বাংলাদেশ মাজলিসুল মুফাস্সিরিন মেহেরপুর জেলা শাখার আয়োজনে জেলা উলামা সম্মেলন ২০২৪ অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (৩১ আগষ্ট) সকাল ১০ টার দিকে মেহেরপুর ট্রাস্ট জামে মসজিদে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

মেহেরপুর উলামা বিভাগের মেহেরপুর জেলা সভাপতি হাফেজ মাওঃ ফিরাতুল ইসলাম (নাঈম) এর সভাপতিত্বে সম্মেলনে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা জামায়াতে ইসলামীর আমীর মাওঃ মোঃ তাজউদ্দিন খান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জামায়াতে ইসলামীর নায়েবে আমির মাওঃ মুহাঃ মাহবুব উল আলম। প্রধান আলোচক হিসেবে আলোচনা করেন বিশিষ্ট ইসলামিক স্কলার ও মুফাসসিরে কুরআন হাফেজ মাওলানা মুফতি আমির হামজা।

এছাড়াও এসময় বিশেষ আলোচনা হিসেবে বাংলাদেশ মজলিসুল মুফাসসিরিন খুলনা বিভাগীয় সেক্রেটারী অধ্যক্ষ মাওঃ ইব্রাহিম খলিল মুজাহিদ, বাংলাদেশ মাজলিসুল মুফাসসিরিন কুষ্টিয়া জেলা সভাপতি হাফেজ মাওঃ জুলফিকার আলী, বাংলাদেশ মাজলিলুল মুফাসসিরিন কেন্দ্রীয় জাতীয় পরিষদ সদস্য মাওঃ মোঃ আব্দুল হামিদ, বাংলাদেশ মাজলিবুল মুফাসসিরিন মেহেরপুর জেলা সভাপতি মাওঃ মোহাঃ জাহাঙ্গীর আলম জিহাদী উপস্থিত ছিলেন।